

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১০-আইন/২০২০।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) তফসিল-১১ এর ক্রমিক নং ১০ এর দফা (খ) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত হইবে;
- (খ) তফসিল-১২ এর দফা (ট) এর পরে নূতন দফা (ঠ) সংযোজিত হইবে, যথা :—

“(ঠ) ইটভাটা

তরল বর্জ্য

স্থিতিমাপ	mg/L এককে উপস্থিতিসীমা
p ^H	৬-৯
Suspended Solid (SS)	১০০

নোট: এই উপস্থিতিসীমা শুধুমাত্র পরিবেশে নির্গমনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(১৩২৩)

মূল্য : টাকা ৪.০০

চিমনি বা স্টেক (Stake) -এর নিঃসরণ

স্থিতিমাপ	mg/Nm ³ এককে উপস্থিতিসীমা
Particulate Matter (PM)	২৫০
SO ₂	২৫০

নমুনা সংগ্রহের পদ্ধতি :

- (অ) ইটভাটার বায়ু দূষণের মানমাত্রা পরীক্ষা করিবার জন্য নমুনা সংগ্রহের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী সকল ইটভাটার চিমনি বা স্টেক (Stake) এ স্থায়ী ছিদ্র (Port Hole) ও নমুনা সংগ্রহের মঞ্চ (Platform) থাকিতে হইবে।
- (আ) চিমনি বা স্টেকের নমুনা সংগ্রহের ছিদ্র (Port Hole)-টি চিমনির নিচে যেখানে প্রবাহ বাধাগ্রস্ত হয় (সাধারণত ০২ ফুট উপরে) সেখান হইতে চিমনির নিচের ব্যাসের (Diameter) দ্বিগুণ পরিমাণ উপরে থাকিতে হইবে।
- (ই) চিমনির বা স্টেকের নমুনা সংগ্রহের ক্ষেত্রে চিমনির নিঃসরণের গতি ন্যূনতম ০.২ মিটার/ সেকেন্ড থাকিতে হইবে এবং বস্তুকণা (PM) পরিমাপের ক্ষেত্রে কমপক্ষে ০১ (এক) ঘন মিটার নমুনা সংগ্রহ করিতে হইবে।
- (ঈ) প্রতিটি নমুনা সংগ্রহের ক্ষেত্রে Fuel Charging ও Non-Charging সময় পর্যন্ত নমুনা সংগ্রহ করিতে হইবে।

ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)

উৎস	স্থিতিমাপ	ug/Nm ³ এককে উপস্থিতিসীমা
চিমনি (Stake) চুল্লী (Furance) সেকশন	Suspended Particulate Matter (SPM)	৫০০

নমুনা সংগ্রহের পদ্ধতি :

- (অ) এই উপস্থিতিসীমা ১ জুলাই ২০১৪ সনের পূর্বে স্থাপিত টানেল ও Hybrid Hoffman Kiln (HHK) পদ্ধতির ইটভাটার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- (আ) High Volume বা Repairable Type Sampler অথবা পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত অন্য কোনো পদ্ধতিতে কমপক্ষে ৮ ঘন্টার সময় পর্যন্ত বাতাসের ভাটিতে (Down wind direction) এবং উজানে (Up wind direction) নমুনা সংগ্রহ করিতে হইবে।
- (ই) ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions) পরিমাপের লক্ষ্যে নিঃসরণের উৎস হইতে ১০ মিটার দূরত্বে নমুনা সংগ্রহ করিতে হইবে।

নোট :

- ১। নূতনভাবে স্থাপিত সকল প্রকার ইটভাটার একক চিমনি বা স্টেক (Stake) এর মাধ্যমে নিঃসরণ পদ্ধতি/প্রযুক্তি ব্যবহার করিতে হইবে। অবস্থানগত ছাড়পত্র অনুমোদনের সময় এই বিষয়টি নিশ্চিত করিতে হইবে।
- ২। ইটভাটায় হাই-ড্রাফট (High Draft) ফ্যানযুক্ত কমপক্ষে ৫০ মিলিমিটার গভীরতার পানি ভর্তি নালার ভিতর দিয়া ফ্লু-গ্যাস (Flue gas) প্রবাহিত করিতে হইবে।
- ৩। ইট ভাটা সৃষ্ট বায়ু দূষণের সমন্বিত প্রভাব (Cumulative impact) সহনীয় মাত্রায় রাখিবার লক্ষ্যে নূতনভাবে ইটভাটা স্থাপনের ক্ষেত্রে ১ জুলাই ২০১৪ সনের পূর্বে স্থাপিত ইটভাটা হইতে নূতন ইটভাটার দূরত্ব কমপক্ষে ০১ (এক) কিলোমিটার হইতে হইবে।
- ৪। ইট বা ইটভাটার কাঁচামাল পরিবহনের সময় ট্রাক পুরোপুরি ঢাকিয়া পরিবহন করিতে হইবে।
- ৫। ইটভাটায় সৃষ্ট ছাই সম্পূর্ণভাবে ইট প্রস্তুতে ব্যবহার করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব।